# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

জানাযা বহনের সময় সশব্দে যিকর করা মাকরূহ

জানাযার সালাতের পরে মৃতদেহের সাথে কবর পর্যন্ত গমন করা ও দাফন করা পর্যন্ত অপেক্ষা করা মাসনূন ইবাদত। আমাদের দেশে অনেকে মৃতদেহ বহনের সময় মুখে শব্দ করে বিভিন্ন যিকর করেন যা সুন্নাতের খেলাফ। আল্লামা কাসানী লিখেছেনঃ

وَيُطِيلُ الصَّمْتَ إذَا اتَّبَعَ الْجِنَازَةَ وَيُكْرَهُ رَفْعُ الصَّوْتِ بِالذِّكْرِ لِمَا رُوِيَ عَنْ قَيْسِ بْنِ عُبَادَةَ أَنَّهُ قَالَ : كَانَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَكْرَهُونَ رَفْعَ الصَّوْتِ عِنْدَ ثَلَاثَةٍ : عِنْدَ الْقِتَالِ ، وَعِنْدَ الْجِنَازَةِ ، وَالذِّكْرِ ; وَلِأَنَّهُ تَشَبُّهٌ بِأَهْلِ الْكِتَابِ فَكَانَ مَكْرُوهًا

জানাযার অনুসরণের সময় নীরবতাকে প্রলম্বিত করবে (পরিপূর্ণ নীরবতা পালণ করবে)। এ সময়ে সশব্দে যিকর করা মাকরূহ। কারণ কাইস ইবনু উবাদাহ থেকে বর্ণিত হয়েছে, রাসূলুল্লাহ (সা.)-এর সাহাবীগণ তিন সময়ে শব্দ করা মাকরূহ জানতেন: যুদ্ধের সময়, জানাযার সময় ও যিকরের সময়। এছাড়া এতে ইহুদী নাসারাদের অনুকরণ করা হয়, কাজেই তা মাকরূহ হবে।"[1]

## ফুটনোট

[1] কাসানী, বাদাইউস সানাই'য় ১/৩১০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8835

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন